

নম্বর- ৪১.০১.১২৬৩.০০০.০০০.১৯.০০২.২২.১৯৮

তারিখঃ-১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি।

ফ্যামিলি কার্ড সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর ৪১.০১.০০০০.০০০.০৪১.৯৯.০০১৪.২৬.৮১১ তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. মোতাবেক ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় নিয়োজিত তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রোফাইল fcportal.cloud ড্যাশবোর্ডে তৈরি ও অনুমোদনের নির্দেশনা রয়েছে। চূড়ান্ত নির্বাচিত এবং রিজার্ভ দুই ক্যাটাগরিরই তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করতে হবে এবং এ লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

১) নির্বাচিত এবং রিজার্ভ তথ্যসংগ্রহকারী এবং সুপারভাইজারদের প্রতিজনের জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড তৈরি করা হয়েছে। আইডি ও পাসওয়ার্ড সংশ্লিষ্ট প্রার্থীদের উপজেলা সমাজসেবা কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া থেকে আগামী ১৬-১৭/০৯/২০২৬ খ্রি. তারিখে অফিস চলাকালীন সংগ্রহ করতে হবে।

২) প্রার্থীগণ নিজেরাই fcportal.cloud এ আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে নিজেদের প্রোফাইল 'আপডেট' করবেন; অর্থাৎ তারা তাদের নাম, মোবাইল নম্বর, NID যাবতীয় তথ্য, সচল নিজ ই-মেইল, ছবি, স্ক্যানকৃত স্বাক্ষর, ঘোষণা/স্বীকৃতি পূরণ করে আগামী ১৭/০৯/২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সাবমিট করবেন। উল্লেখ্য, আবেদনপত্রে প্রদানকৃত ছবি আপলোড করতে হবে। নির্ভুল তথ্য, অফিসিয়াল ছবি, স্ক্যানকৃত স্বাক্ষর (স্বচ্ছ ব্যাকগ্রাউন্ড) না হলে সংশোধনীর জন্য ফেরত পাঠানো হবে।

৩) পরবর্তীতে সফটওয়্যার জেনারেটেড আইডি কার্ড তৈরি হবে। প্রোফাইল সাবমিট না করা পর্যন্ত তার আইডি কার্ড তৈরি হবে না। আইডি কার্ড পরবর্তীতে উপজেলা সমাজসেবা কার্যালয়, কসবা হতে সরবরাহ করা হবে। সরবরাহের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। আইডি কার্ডের QR কোড স্ক্যান করে এটি সিস্টেম ভেরিফাইড কিনা তা যাচাই করা যাবে।

এমতাবস্থায়, চূড়ান্ত নির্বাচিত এবং রিজার্ভ—দুই ক্যাটাগরিরই তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের আইডি ও পাসওয়ার্ড সংগ্রহের জন্য আগামী ১৬-১৭/০৯/২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন উপজেলা সমাজসেবা কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়ায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ফ্যামিলি কার্ড সংক্রান্ত পরবর্তী নির্দেশনা পাওয়া মাত্র উপজেলা সমাজসেবা কার্যালয়, কসবা-এর ওয়েবসাইটের (www.dss.kasba.brahmanbaria.gov.bd) নোটিশ বোর্ডের মাধ্যমে চিঠি দিয়ে জানিয়ে দেয়া হবে।

১৫/০৯/২০২৬

মোহাম্মদ আলমগীর মিয়া
উপজেলা সমাজসেবা অফিসার ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড খানার তথ্যসংগ্রহকারী নির্বাচন কমিটি
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

নম্বর- ৪১.০১.১২৬৩.০০০.০০০.১৯.০০২.২২.১৯৮

তারিখঃ-১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে/ জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৪৬, ব্রাহ্মণবাড়িয়া-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
- ০২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
- ০৩। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।
- ০৫। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৮। উপজেলা..... অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৯। জনাব.....
- ১০। ওয়েব পোর্টাল/নোটিশ বোর্ড/অফিস কপি।



১৫/০৯/২০২৬

মোহাম্মদ আলমগীর মিয়া
উপজেলা সমাজসেবা অফিসার